যুগান্তর

প্রকাশ: ০৫ ফেব্রুয়ারি ২০২৫, ১০:২৫ পিএম

# উত্তরা ইউনিভার্সিটিতে পালিত হলো জাতীয় গ্রন্থাগার দিবস

**Source: https://www.jugantor.com/**




'সমৃদ্ধ হোক গ্রন্থাগার এই আমাদের অঙ্গীকার'-প্রতিপাদ্যকে সামনে রেখে উত্তরা ইউনিভার্সিটিতে পালিত হলো জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫। বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। এছাড়া আরো উপস্থিত ছিলেন পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, আইটি ডিরেক্টর মো. এহসানুল হক, এইচআর ডিরেক্টর খন্দকার সাইফুল ইসলাম, জয়েন্ট লাইব্রেরিয়ান (লাইব্রেরিয়ান ইনচার্জ) নুর আহমদ, ডেপুটি ডিরেক্টর মো. মাহফুজ-উল হকসহ ও সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মাচারিবৃন্দ।

শিক্ষা একটি জাতির মেরুদন্ড, আর গ্রন্থাগার হলো শিক্ষার মেরুদন্ড। তাই দেশ, জাতি, সমাজ ও শিক্ষাকে এগিয়ে নিতে হলে গ্রন্থাগার ব্যবহারের কোনও বিকল্প নেই বলে মন্তব্য করেন অনুষ্ঠানের অতিথিরা।

এ দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে একটি কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং ১২ ফেব্রুয়ারি উক্ত প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী অনুষ্ঠান  অনুষ্ঠিত হবে। সেই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর সলিমুল্লাহ খান।